# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৮২]

৩/ পোষাক-পরিচ্ছদ (كتــاب اللباس)

পরিচ্ছেদঃ ১১৭: সাদা কাপড় পরা উত্তম। লাল, সবুজ, হলুদ এবং কালো রঙের কাপড় পরাও বৈধ। আর রেশম ব্যতিত সুতি, উল, পশমি ইত্যাদি সবরকমের কাপড় পরা জায়েজ।

(117) ـ باب استحباب الثوب الأبيض وجواز الأحمر والأخضر والأصفر والأسود وجوازه من قطن وكتان وشعر وصوف وغيرها إلا الحرير

আরবী

وَعَن أَبي جُحَيفَةَ وَهْبِ بن عَبدِ اللهِ رضي الله عنه، قَالَ: رَأيتُ النبيَّ صلى الله عليه وسلم بِمكّةَ وَهُوَ بِالأَبْطَحِ في قُبَّةٍ لَهُ حَمْرَاءَ مِنْ أَدَمٍ، فَخَرجَ بِلاَلٌ بِوَضُوئِهِ، فَمِنْ نَاضِحٍ وَنَائِلٍ، فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَعَلَيهِ حُلَّةٌ حَمْرَاءُ، كَأنِّي أنْظُرُ إِلَى بَيَاضِ سَاقَيْهِ، فَتَوَضَّأَ وَأذَّنَ بِلاَلٌ، فَجَعَلْتُ أَتَتَبَّعُ فَاهُ هَاهُنَا وَهَاهُنَا، يَقُولُ يَميناً وَشِمَالاً: حَيَّ عَلَى الصَّلاَةِ، حَيَّ عَلَى الفَلاَحِ، ثُمَّ رُكِزَتْ لَهُ عَنَزَةٌ، فَتَقَدَّمَ فَصلَّى يَمُرُّ بَيْنَ يَدَيْهِ الْكَلْبُ وَالْحِمَارُ لاَ يُمْنَعُ . متفقٌ عَلَيْهِ .

বাংলা

৪/৭৮৬। আবূ জুহাইফাহ অহাব ইবনে আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মক্কায় দেখলাম, যখন তিনি আবত্বাহ নামক স্থানে চর্মনির্মিত লাল রঙের শিবিরে অবস্থান করছিলেন। বিলাল তাঁর ওযূর পানি নিয়ে বাইরে বের হলেন। কিছু লোক (বরকত হাসিল করার জন্য) উক্ত পানির ছিটা পেল আর কিছু সংখ্যক লোক পানি পেল। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাল রঙের জোড়া বস্ত্র পরিহিত অবস্থায় বাইরে এলেন। যেন আমি তাঁর দুই পায়ের গোছার শুভ্রতা প্রত্যক্ষ করছি। অতঃপর তিনি ওযূ করলেন এবং বিলাল আযান দিলেন।

আমি তাঁর এদিক ওদিক মুখ ফিরানো লক্ষ্য করছিলাম। তিনি ডানে ও বামে মুখ ফিরিয়ে ’হাইয়া আলাস স্বালাহ’, ’হাইয়া আলাল ফালাহ’ বলছিলেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য একটি বর্শা (সুতরাহ স্বরূপ) পুঁতে দেওয়া হল। তারপর তিনি সামনে এগিয়ে গেলেন এবং নামায পড়ালেন। তাঁর (সুতরার) সামনে দিয়ে কুকুর ও গাধা অতিক্রম করছিল। সেগুলোকে বাধা দেওয়া হচ্ছিল না। (বুখারী ও মুসলিম)[1]

## English

(117) Chapter: The Excellence of Wearing White Clothes and the Permissibility of Wearing Red, Green, Yellow and Black Clothes Made from Cotton and Linen but not Silk

Abu Juhaifah Wahb bin 'Abdullah (May Allah be pleased with him) reported: I saw the Prophet (ﷺ) by Al-Abtah valley in Makkah, in a red tent made from tanned skin. Bilal brought him ablution water. Then Messenger of Allah (ﷺ) came out wearing a red mantle; and I can still remember looking at whiteness of his shanks. So he made his ablution, and Bilal (ﷺ) pronounced the call for prayer (Adhan). I kept following the movement of his (Bilal's) face to the right and to the left when he recited: 'Come to the prayer; come to the success.' Then a spear was fixed (as a Sutrah) in front of Messenger of Allah (ﷺ) who then stepped forward and led the prayer. Dogs and donkeys passed in front of him (beyond the spear) and no one prevented them from doing so.

[Al-Bukhari and Muslim].

Commentary: On the basis of this Hadith, some argue that red dress is also allowed to men. Imam An-Nawawi seems to hold the same view. However, many `Ulama' believe that the dress of Messenger of Allah (PBUH) was not all red but had red stripes. They, therefore, maintain that the red clothes which women wear are not permissible to men. Some `Ulama' think that a ruling on this issue will be on condition of space and time. If at some place disbelievers or women are fond of this colour, it will be banned for Muslim men because of its relevance to disbelief and womanishness. Yet, it will be allowed to Muslim men in a contrary situation. Opinions also exist that the indoor wear of red clothes is permissible to men but forbidden in public. To sum up, the red-coloured dress is not itself a taboo with regard to men. A ruling on it will be conditional in accordance with the situation. For example, in the Eastern society the red-coloured dress is usually worn by women and is peculiar to brides on the occasion of wedding. Men are, therefore, banned to wear it. Allah Alone has the true knowledge.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৮৮, ১৯৬, ৩৭৬, ৪৯৫, ৪৯৯, ৫০১, ৬৩৩, ৩৫৫৩, মুসলিম ৫০৩, ২৪৯৭, নাসায়ী ৪৭০, আবূ দাউদ ৬৮৮, আহমাদ ১৮২৬৮, ১৮২৭৮, দারেমী ১৪০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23818

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন